

তারিখ:
 পূর্বা ... কলাম:

একশে পদক ২০০২ ঘোষণা

৭ জন মরণোত্তরসহ ১৪ জন পদকে ভূষিত

ভাষা বিষয়গণী : সরকার একশে পদক ২০০২ ঘোষণা করেছে: নিম্ন নিম্ন ক্ষেত্রে প্রশংসনীয় অবদানের জন্য বিশিষ্ট সাহিত্যিক, শিক্ষাবিদ, সাংবাদিক, ভাষা সংগ্রামী ও শিল্পীসহ মোট ১৪ জনকে এক পদক দেয়ার জন্য এ বছর মনোনীত করা হয়েছে।

পদকপ্রাপ্তদের মধ্যে ৭ জন মরণোত্তর পুরস্কার পেয়েছেন, তারা হলেন ভাষা সংগ্রামের ক্ষেত্রে মওলানা আব্দুল হামিদ খান ভাসানী, সাহিত্য ও ভাষা আন্দোলনে

একশে পদক ঘোষণা

প্রথম পৃষ্ঠার পর

অবদানের জন্য ড. মুহাম্মদ শহীদুল্লাহ, গণসঙ্গীতে কবিরাম রমেশ শীল, ভাষা সংগ্রামের জন্য ডা. মম্বুর হোসেন, শিক্ষাক্ষেত্রে শহীদ মুক্তিযোদ্ধী প্রফেসর আনুল কালম আজাদ, চলচ্চিত্রে আব্দুল গফফার খান এবং সাহিত্যে আহমদ হুফা

পুরস্কারপ্রাপ্ত অন্য ৭ জন হলেন সাংস্কৃতিক বিকাশ ও ভাষা সংগ্রামের জন্য জাতীয় অধ্যাপক সুফিয়া আহমেদ, সাংবাদিকতায় নিরাতুর রহমান, ভাষা আন্দোলনে ও চলচ্চিত্রে অবদানের জন্য সামেক খান, সঙ্গীতে গীতা মাজহারুল আনোয়ার, ভাষা সংগ্রামের ক্ষেত্রে অবদানের জন্য এডভোকেট কাজী গোলাম মাহবুব, শিক্ষাক্ষেত্রে অবদানের জন্য অধ্যাপক শরীফ হোসেন ও প্রতিডা মুৎসুফি।

পূর্বকৃত প্রত্যেককে এককালীন ৪০ হাজার টাকা, ৩ ডিবি ওয়ানের একটি স্বর্ণপদক ও একটি স্মারনাম প্রদান করা হবে।

এখন থেকে একশে পদক যে বছর ঘোষণা করা হবে সে বছরেই প্রদান করা হবে। ২০০১ সালের জন্য যার একশে পদক ২০০১-এর জন্য মনোনীত হয়েছিলেন তাঁদের পদক এ বছর একশে পদকপ্রাপ্তদের সাথে একই অনুষ্ঠানে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অধ্যাপক ড. মোহাম্মদ শাহাজাহান ১৯৯৬ সালে একশে পদকের জন্য মনোনীত হয়েছিলেন। কিন্তু তাঁর পদক প্রদান স্থগিত করা হয়েছিল। তিনি ইতোমধ্যে মৃত্যুবরণ করেছেন। তাঁর প্রতিনিধিকেও একই অনুষ্ঠানে একশে পদক প্রদান করা হবে।